গাংনীর সাহারবাটিতে বিএনপি নেতাকে গুলি, মুমূর্ষু অবস্থায় হাসপাতালে ভর্তি

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি গ্রাম বিএনপির সহসভাপতি মুকুল হোসেনকে গুলি করেছে দূর্বৃত্তরা।
আজ সোমবার ভোর পাঁচটার সময় কাথুলি সড়কের সাহারবাটি ও ভাটপাড়ার মাঝামাঝি কাশেম মোড় নামক স্থানে এই গুলির ঘটনা ঘটে।
মুকুল হোসেন সাহারবাটি ইউনিয়ন বিএনপির ও ক্রিড়া বিষয়ক সম্পাদক ও সাহারবাটি গ্রামের নেক মহাম্মদের ছেলে।
তার বুকে ও পিঠে পাঁচটি গুলি করা হয়েছে বলে জানিয়েছেন প্রত্যক্ষদর্শিরা। তাকে মূমূর্ষ অবস্থায় উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে বর্তমানে চিকিৎসা চলছে।
ঘটনার পরপরই গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা উত্তম কুমার দাসের নেতৃত্বে পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছেছে।
ঘটনাস্থল থেকে গুলির চারটি খোসা উদ্ধার করেছে।
স্থানীয়রা জানান, ফজরের আযানের পর রাস্তায় হাটতে বের হন মুকুল। সাাহারবাটী বাংগালপাড়া কাশেম মোড়ে পৌছালে মুকুলের ওপর গুলি করতে থাকে তিনজন। এসময় তাদের সাথে মুকুলের ধস্তাধস্তি হয়। পরে মুকুল মাটিতে লুটিয়ে পড়লে চিৎকার দেয় মুকুল। এসময় স্থানীরা তাকে উদ্বার করে হাসপাতালে নেয়া হয়। বর্তমানে তার অবস্থা আশংকাজনক। সাবেক ইউপি সদস্য ফরমান আলী জানান, ভোরে শুনতে পাই মুকুলকে ৫ টি গুলি করা হয়েছে। ঘটনা স্থলে গিয়ে দেখি মুকুলের শরীরের বিভিন্ন অংশে গুলি করা হয়েছে। তাকে উদ্বার করে হাসপাতালে নেয়া হয়। স্থানীয় বিএনপি নেতা বক্কার আলী জানান, বিএনপি নেতা মুকুলের ওপর এর আগেও একাধিকার বোমা হামলা করে হত্যা চেষ্টা করা হয়। এবারও তাকে হত্যার জন্য ৫ টি গুলি করা হয়েছে। এতে অন্যান্য নেতাকর্মীদের মধ্যে আতংক বিরাজ করছে।
সাাহারবাটীর আবুল কাশেম বলেন, আমরা ফজরের নামাজের জন্য মসজিদে যাচ্ছিলাম, আমাদের সামনে দিয়ে মুকুল হাটতে বের হয়। কিছ্ক্ষণ পরে শুনছি মুকুলকে গুলি করা হয়েছে।
মুকুল হোসেনকে এর আগেও দুই দফায় বোমা হামলা চালিয়েছিল দূর্বৃত্তরা।
ওসি উত্তম কুমার দাস জানান, গুলির ঘটনা জানতে পেরে আমিসহ পুলিশের একটি টীম ঘটনাস্থলে এসে চারটি গুলির খোসা উদ্বার করা হয়েছে। ঘটনার তদন্ত চলছে।

মেহেরপুরে কারাগার বন্দি হঠাৎ অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি

মেহেরপুর জেলা কারাগারে রাখা সদর উপজেলার আমঝুপির রেজাউল হকের ছেলে কাউসার (৫৭) আজ বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তাকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

কাউসারের স্বাস্থ্য সংক্রান্ত বিস্তারিত এখনো জানা যায়নি, তবে কর্মকর্তারা জানিয়েছেন, তার অবস্থা বর্তমানে স্থিতিশীল রয়েছে এবং পর্যবেক্ষণে রাখা হয়েছে।

১২ বছর পর শনিবার অনার্স ভর্তি পরীক্ষা, অংশ নেবে ১০৬৩ পরীক্ষার্থী

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫ শুরু হতে যাচ্ছে। দীর্ঘ ১২ বছর পর এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে, যা বাংলাদেশের শিক্ষাক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

আগামী ৩১ মে সারাদেশের ন্যায় মেহেরপুর সরকারি কলেজ কেন্দ্রেও এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মেহেরপুর জেলার একমাত্র কেন্দ্র হিসেবে মেহেরপুর সরকারি কলেজে মুজিবনগর ডিগ্রি কলেজ, মেহেরপুর সরকারি মহিলা কলেজ এবং গাংনী সরকারি ডিগ্রি কলেজসহ জেলার বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা এখানে অংশ নেবে। এ কেন্দ্রে মোট ১,০৬৩ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবে।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

এছাড়া ১৯৭১ সালের ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর বিপ্লবী সরকার গঠণে স্থানীয় নেতা হিসেবে মোমিন চৌধুরীর ভূমিকা ও সাংগাঠনিক দক্ষতা তাকে ইতিহাসে স্থান করে নিয়েছে। মোমিন চৌধুরী দীর্ঘদিন যাবৎ মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহসভাপতি হিসেবে দায়ীত্ব পালন করে আসছেন।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক বলেন মোমিন চৌধুরী রাজনৈতিক অঙ্গণে একজন বর্ষিয়ান নেতা। বার্ধক্য জনিত কারণে তিনি এখন মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি হয়েছেন। তার আশু রোগ মুক্তির জন্য সকলের কাছেই দোয়া কামনা করেন।

গাংনী উপজেলা ব্যাপি ছড়িয়ে পড়েছে ছোট খাটো সংঘর্ষ

গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় পারিবারিক কলহ, জমি সংক্রান্ত বিরোধ, মামলা মকদ্দোমাসহ নানা কারনে ছোট খটো সংর্ঘষ ছড়িয়ে পড়েছে।

একদিনে এ উপজেলার বিভিন্ন এলাকায় সৃষ্ঠ ছোট খাটো ১৩ টি সংঘর্ষের ঘটনা ঘটেছে। এসব সংঘর্ষে নারী পুরুষসহ প্রায় ১৫ জন আহত হয়েছেন। আহতরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কেউ কেউ ভর্তি হয়েছেন। আবার কয়েকজন প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগ এ সূত্র নিশ্চিত করেছেন। ২৮ আগষ্ট রবিবার দিনের বিভিন্ন সময়ে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা হলেন, গাংনী উপজেলার বাওট গ্রামের রুহুল আমীনের স্ত্রী পারভীনা খাতুন (৪০), শহিদুল ইসলামের স্ত্রী হানুফা খাতুন (৫০), ছেলে ফিরোজ আহম্মেদ (২৫), সহড়াতলা গ্রামের আবেদ আলীর ছেলে সাইফুল ইসলাম (৩৫), মালশাদহ গ্রামের মেহেরুল্লাহর ছেলে মোশাররফ হোসেন (১৫), মাইলমারী গ্রামের আবুল কালাম আজাদের স্ত্রী মর্জিনা

খাতুন (৪০), চৌগাছা গ্রামের মুরাদ আলীর স্ত্রী রেকছোনা খাতুন (৪০), হেমায়েতপুর গ্রামের সজীব হোসেনের স্ত্রী সালমা খাতুন (২০), রামকৃষ্ণপুর ধলা গ্রামের চাঁদ আলীর স্ত্রী কাবি খাতুন (৬০), বানিয়াপুকুর গ্রামের আব্দুল হান্নান (৮৫) ও তার ছেলে মহিবুল ইসলাম (৩৫), গোপালনগর গ্রামের গঞ্জের আলীর ছেলে উজ্জল হোসেন (৩৫), কাজিপুর গ্রামের মোতাহার হোসেনের ছেলে লিটন হোসেন (৪৫) ও ভাটপাড়া গ্রামের সাইফুল ইসলামের ছেলে শাকিল হোসেন (২৩)।

আহতরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার রাইহান বলেন, আহতদের শরীরের বিভিন্ন স্থানে ধারালো অস্ত্রের আঘাত ও লাঠিশোঠা দিয়ে মারের আঘাত রয়েছে।

উন্নয়ন কর্মী ও দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া অফিসের সমন্বয়ক হেলাল উদ্দীন বলেন, নৈতিকতার দিকে মানুষ এখন দিন দিন নিগামী হচ্ছে। ছোট খাটো বিষয় নিয়ে বিবাদে লিপ্ত হচ্ছেন। একে অপরের রক্ত ঝরাচ্ছেন। এটা সামাজিক অবক্ষয়ের একটি দিক বলেছেন তিনি। এটা থেকে উত্তরণ পেতে সবাইকে প্রত্যেকের প্রতি প্রত্যেককে শ্রদ্ধাশীল ও সহনশীল হতে হবে। এছাড়া প্রশাসনিকভাবেও খারাপ মানুষের উপর আইনের প্রয়োগ করতে হবে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, তুচ্ছ ঘটনা, জমি সংক্রান্ত বিরোধ পূর্ব শত্রতাসহ নানা বিধ কারনে এ উপজেলার মানুষ জন ছোট খাটো সংঘর্ষে লিপ্ত হচ্ছে। এখানে সামাজিক সচেতনতা সৃষ্টির কোনো বিকল্প নেই। সব যায়গায় আইন প্রয়োগ করে তো সামাজিক শান্তি ফিরিয়ে আনা সম্ভব নয়। সমাজিক সচেতনতা সৃষ্টি করতে হবে।

২ সন্তানকে গলা কেটে হত্যার পর

নিজের শরীরে আগুন দিল মা!

রাজধানীর খিলগাঁওয়ের একটি বাড়ি থেকে দুই শিশু সন্তানের লাশ উদ্ধার করেছে পুলিশ। আর অগ্নিদগ্ধ অবস্থায় তাদের মাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

শনিবার সকালে খবর পেয়ে পুলিশ দক্ষিণ গোড়ানের একটি বাড়ি থেকে লাশ দুটি উদ্ধার করে।

নিহতরা হলেন- জান্নাতুল ফেরদৌস (১১) ও আলভী (৮)।

পুলিশ বলছে, পপি নামের এক নারী তার দুই শিশু সন্তানকে গলা কেটে হত্যার পর নিজের শরীরে আগুন দিয়ে আত্মহত্যার চেষ্টা চালিয়েছেন।

অগ্নিদগ্ধ অবস্থায় ওই নারীকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

খিলগাঁও থানার ওসি জানান, শুক্রবার রাতের কোনো এক সময়ে পপি তার দুই শিশু সন্তানকে গলা কেটে হত্যার পর নিজের শরীরে আগুন দিয়ে আত্মহত্যার চেষ্টা চালান।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। গুরুতর দগ্ধ অবস্থায় পপিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ বিষয়ে পরে বিস্তারিত জানানো হবে বলে জানান তিনি।

সূত্র-যুগান্তর